গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১০৬/২০১৯-২০২০
ঢাকা, ২০ নভেম্বর বুধবার ২০১৯, ৫ অগ্রহায়ণ ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। আমিরাত থেকে দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী
২। সাম্যের ভিত্তিতে শান্তির বিশ্ব গড়ে তুলতে হবে : কম্বোডিয়ায় স্পিকার
৩। লবণ নিয়ে গুজব ছড়ালে কঠোর ব্যবস্থা : তথ্য অধিদফতরের প্রেসনোটে হুঁশিয়ারি
৪। ধর্মঘট করে মানুষকে কষ্ট দেবেন না, সড়ক আইন মেনে চলুন : পরিবহণ সমিতির নেতৃবৃন্দের প্রতি সেতুমন্ত্রী
দেশে চাল-লবণের পর্যাপ্ত মজুত আছে : গুজবে কান না দিতে সেতুমন্ত্রীর আহ্বান
৫। পেঁয়াজের দাম বেশি বাড়িয়েছে অসাধু ব্যবসায়ীরা
সরকারের হাতে সাড়ে ছয় লাখ টন লবণ রয়েছে : সংবাদসম্মেলনে বাণিজ্যমন্ত্রী
৬। শিক্ষাপ্রতিষ্ঠানে আলাদা ওয়াশ ব্লক তৈরি করা হবে : বিশ্ব টয়লেট দিবসের অনুষ্ঠানে স্থানীয় সরকার মন্ত্রী
৭। সারাদেশে পর্যাপ্ত পাবলিক টয়লেট তৈরি করা হবে : গণপূর্তমন্ত্রী
৮। আমিরাতে প্রবাসী বাংলাদেশিদের আরও বেশি রেমিট্যান্স পাঠানোর আহ্বান পররাষ্ট্রমন্ত্রীর
৯। জাতীয় অর্থনীতিতে নারীর অবদান সবচেয়ে বেশি : আইসিটি প্রতিমন্ত্রী
১০। বসানো হলো ১৬ তম স্প্যান : পদ্মাসেতুর প্রায় আড়াই কিলোমিটার দৃশ্যমান
১১। ৩৯তম বিশেষ বিসিএসে নিয়োগ পেলেন ৪৪৪৩ চিকিৎসক : জনপ্রশাসন মন্ত্রণালয়ের আদেশ জারি
১২। জাতিসংঘ আদালতে মিয়ানমার গণহত্যার শুনানি ডিসেম্বরে
১৩। অবৈধ সম্পদের মামলায় বিএনপি নেতা মীর নাছির ও তার ছেলে হেলালের সাজা বহাল হাইকোর্টে
১৪। আজ কবি সুফিয়া কামালের ২০তম মৃত্যুবার্ষিকী : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী প্রদান

চলমান পাতা-২

১। **আমিরাত থেকে দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী**

সংযুক্ত আরব আমিরাতে চার দিনের সরকারি সফর শেষে গতকাল (১৯ নভেম্বর মঙ্গলবার) রাতে দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গীদের বহনকারী এমিরেটস এয়ারলাইন্সের বিমান রাত ১০টা ৫৫ মিনিটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। সূত্র : সমকাল (শেষ পৃ.ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ, ১,ক.৪), **অবজারভার** (শেষ পৃ.ক.১)।

২। **সাম্যের ভিত্তিতে শান্তির বিশ্ব গড়ে তুলতে হবে : কম্বোডিয়ায় স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, সবার ঐক্যবদ্ধ চেষ্টায় আইনের শাসন প্রতিষ্ঠার মধ্য দিয়ে সাম্যের ভিত্তিতে টেকসই ও শান্তির বিশ্ব গড়ে তুলতে হবে। তিনি গতকাল (১৯ নভেম্বর মঙ্গলবার) কম্বোডিয়ার রাজধানী নমপেনে এশিয়া প্যাসিফিক সামিটে 'অ্যাড্রেসিং দ্য ক্রিটিক্যাল চ্যালেঞ্জেস অভ্ আওয়ার টাইম : পিস, রিকনসিলিয়েশন, ইন্টারডিপেনডেন্স, মিউচুয়াল প্রসপারিটি অ্যান্ড ইউনিভার্সাল ভ্যালুজ' শীর্ষক উদ্বোধন সেশনে তিনি এসব কথা বলেন। স্পিকার বলেন, বৈশ্বিক সমস্যা এখন সবার, এটা কোনো ভৌগোলিক সীমারেখায় আবদ্ধ নয়। জলবায়ু পরিবর্তন, সন্ত্রাস, উদ্বাস্তুসহ বিভিন্ন সমস্যার দ্রুত সমাধানে বিশ্বকে একসঙ্গে কাজ করতে হবে। সূত্র : সমকাল (পৃ.১৫,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১)।

৩। **লবণ নিয়ে গুজব ছড়ালে কঠোর ব্যবস্থা : তথ্য অধিদফতরের প্রেসনোটে হুঁশিয়ারি**

দাম বেড়ে যাওয়ার কথা ছড়িয়ে ঢাকাসহ সারাদেশে লবণ কেনার হিড়িক তৈরির মধ্যে এ বিষয়ে কঠোর ব্যবস্থা নেয়ার হুঁশিয়ারি দিয়েছে সরকার। গতকাল (১৯ নভেম্বর মঙ্গলবার) তথ্য অধিদফতর থেকে এক প্রেসনোটে বলা হয়েছে, দেশে লবণের কোনো সঙ্কট নেই বা এমন কোনো সম্ভাবনাও নেই। 'লবণ নিয়ে কিংবা অন্য কোন বিষয়ে কোন ব্যক্তি বা মহল সামাজিক যোগাযোগ মাধ্যম বা অন্য কোনভাবে গুজব ছড়ানোর চেষ্টা করলে তাদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা নেয়া হবে। এছাড়া লবণসংক্রান্ত তথ্য সংগ্রহ ও পরিবেশনের জন্য বিসিকের প্রধান কার্যালয়ে একটি কন্ট্রোল রুম খোলা হয়েছে। কন্ট্রোল রুমের নম্বর ০২-৯৫৭৩৫০৫ (ল্যান্ড ফোন) এবং ০১৭১৫-২২৩৯৪৯ (সেল ফোন)। গুজবে কান না দিয়ে লবণসংক্রান্ত যেকোনো তথ্যের প্রয়োজনে কন্ট্রোল রুমের সঙ্গে যোগাযোগের জন্য অনুরোধ করা হয়েছে। সূত্র : সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক,২), **ইত্তেফাক** (পৃ.১,ক,৬), **অবজারভার** (পৃ.১,ক.১)।

৪। **ধর্মঘট করে মানুষকে কষ্ট দেবেন না, সড়ক আইন মেনে চলুন : পরিবহণ সমিতির নেতৃবৃন্দের প্রতি সেতুমন্ত্রী**
দেশে চাল-লবণের পর্যাপ্ত মজুত আছে : গুজবে কান না দিতে সেতুমন্ত্রীর আহ্বান

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, ধর্মঘট করে মানুষকে কষ্ট দেবেন না। সড়ক পরিবহণ আইন মেনে চলুন। এ আইন কারো ক্ষতি করবে না। জনস্বার্থে এ আইন করা হয়েছে। আমি পরিবহণ মালিক, শ্রমিক, ট্রাক, কাভার্ড ভ্যান মালিক সমিতির নেতৃবৃন্দকে অনুরোধ জানাব আইনটি মেনে চলুন। এ আইন সড়কের শৃঙ্খলার জন্য, কাউকে শাস্তি দেওয়ার জন্য নয়। গতকাল (১৯ নভেম্বর মঙ্গলবার) গাজীপুরে জেলা আওয়ামী লীগ আয়োজিত প্রতিনিধি সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। এছাড়া ধানমন্ডিস্থ আওয়ামী লীগ সভানেত্রীর রাজনৈতিক কার্যালয়ে দেশে লবণ সংকট নিয়ে গুজবের প্রেক্ষাপটে এক জরুরি সংবাদসম্মেলনে সেতুমন্ত্রী গুজবে কান না দিতে দেশবাসীর প্রতি আহ্বান জানিয়ে বলেন, দেশে চাল-লবণের পর্যাপ্ত মজুত আছে, কোনো ঘাটতি নেই। যারা নিত্যপ্রয়োজনীয় পণ্যের বাজার অস্থির করতে ষড়যন্ত্র করছে, তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। সূত্র : ইত্তেফাক (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২.ক.১)।

৫। **পেঁয়াজের দাম বেশি বাড়িয়েছে অসাধু ব্যবসায়ীরা**
সরকারের হাতে সাড়ে ছয় লাখ টন লবণ রয়েছে : সংবাদসম্মেলনে বাণিজ্যমন্ত্রী

বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি বলেছেন, কিছু অসাধু ব্যবসায়ী পরিস্থিতির সুযোগ নেওয়ায় পেঁয়াজের দাম বাস্তবের তুলনায় বেশি বেড়েছে। পণ্যটির দাম যত বেড়েছে, ব্যবসায়ীরা সহযোগিতা করলে এতটা নাও বাড়তে পারত। এছাড়া ভারত রপ্তানি নিষেধাজ্ঞা তুলে নেওয়ার আশ্বাস দিয়েও তা রক্ষা না করায় বাংলাদেশের বাজার প্রভাবিত হয়েছে। গতকাল (১৯ নভেম্বর মঙ্গলবার) এক সংবাদসম্মেলনে বাণিজ্যমন্ত্রী এসব কথা বলেন। গতকাল দেশে হঠাৎ করেই লবণের দাম বেড়ে যাওয়ার বিষয়ে জানতে চাইলে বাণিজ্যমন্ত্রী বলেন, সম্পূর্ণ গুজবের পরিপ্রেক্ষিতে এ অবস্থা সৃষ্টি করা হয়েছে। সরকারের হাতে সাড়ে ছয় লাখ টন লবণ রয়েছে। দেশের লবণ চাষিদের স্বার্থে লবণ আমদানি বন্ধও করা হয়েছে। যারা বেশি দামে লবণ বিক্রি করছে, তাদের বিরুদ্ধে অভিযান চালানো হবে। সূত্র : **সমকাল** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৭)।

৬। শিক্ষাপ্রতিষ্ঠানে আলাদা ওয়াশ ব্লক তৈরি করা হবে :
বিশ্ব টয়লেট দিবসের অনুষ্ঠানে স্থানীয় সরকার মন্ত্রী

বিদ্যালয়গামী ছাত্র-ছাত্রীরা দিনে ৬ থেকে ৭ ঘণ্টা বিদ্যালয়ে অবস্থান করে। তাই সরকার ২০২৩ সালের মধ্যে শিক্ষাপ্রতিষ্ঠানে ছেলে মেয়েদের জন্য আলাদা ওয়াশ ব্লক তৈরি করবে বলে জানিয়েছেন স্থানীয় সরকার মন্ত্রী মো. তাজুল ইসলাম। একইসঙ্গে টয়লেট সমস্যাসহ জাতীয় ইস্যুর ন্যায় সমাজে চলমান হাজারও সমস্যা সমাধানে সরকারের কয়েকটি বিভাগ একসঙ্গে কাজ করছে। তবে দ্রুত সমাধানের জন্য সমাজের সকল স্তরের নাগরিকদের অংশগ্রহণ প্রয়োজন বলেও জানান তিনি। গতকাল (১৯ নভেম্বর মঙ্গলবার) রাজধানীর পুলিশ স্টাফ কলেজ মাঠে ইউনিলিভার বাংলাদেশ লিমিটেডের উদ্যোগে বিশ্ব টয়লেট দিবস পালন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ,ক,৪)।

৭। সারাদেশে পর্যাপ্ত পাবলিক টয়লেট তৈরি করা হবে : গণপূর্তমন্ত্রী

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী শ. ম. রেজাউল করিম বলেছেন, মানুষের মৌলিক অধিকারের মধ্যে একটি হচ্ছে স্বাস্থ্য। সে স্বাস্থ্যসেবার অন্যতম উপাদান হচ্ছে টয়লেট ব্যবস্থা। আমাদের দেশে যে পাবলিক টয়লেটের ব্যবস্থা রয়েছে, তা পর্যাপ্ত নয়। তাই আমরা সারাদেশে স্বাস্থ্যসম্মতভাবে পাবলিক টয়লেট তৈরি করব এবং সেগুলো ব্যবহারের জন্য সবাইকে সচেতন করব। হারপিক ও আরটিভির আয়োজনে গতকাল (১৯ নভেম্বর মঙ্গলবার) রাজধানীর বেঙ্গল মাল্টিমিডিয়া স্টুডিওতে বিশ্ব টয়লেট দিবস উদ্‌যাপন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)।

৮। আমিরাতে প্রবাসী বাংলাদেশিদের আরও বেশি রেমিট্যান্স পাঠানোর আহ্বান পররাষ্ট্রমন্ত্রীর

সংযুক্ত আরব আমিরাতে (ইউএই) বসবাসরত প্রবাসী বাংলাদেশিদের বৈধ মাধ্যমে দেশে আরও বেশি রেমিট্যান্স পাঠানোর আহ্বান জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। গতকাল (১৯ নভেম্বর মঙ্গলবার) পররাষ্ট্র মন্ত্রণালয়ের পক্ষ থেকে বলা হয়, গত ১৮ নভেম্বর সোমবার আবুধাবিতে বাংলাদেশ দূতাবাসে ইউএই'তে বসবাসরত প্রবাসী বাংলাদেশিদের ভোটার তালিকায় অন্তর্ভুক্তি ও স্মার্ট জাতীয় পরিচয়পত্র প্রদান কার্যক্রমের উদ্বোধনকালে তিনি এ আহ্বান জানান। সূত্র : **সংবাদ** (শেষ পৃ.ক,১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৬)।

৯। জাতীয় অর্থনীতিতে নারীর অবদান সবচেয়ে বেশি : আইসিটি প্রতিমন্ত্রী

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেছেন, জাতীয় অর্থনীতিতে নারীর অবদান সবচেয়ে বেশি। আমাদের জিডিপিতে তৈরিপোশাক শিল্পের অবদান শতকরা ৩৪ ভাগের বেশি। তৈরিপোশাক শিল্পে দেশের শতকরা ৮০ ভাগ নারী কর্মী কাজ করছে। গতকাল (১৯ নভেম্বর মঙ্গলবার) রাজধানীর আইসিটি টাওয়ারে নারী উদ্যোক্তা দিবস উপলক্ষে আইডিয়া প্রকল্পের উদ্যোগে 'উদ্যোক্তা সংস্কৃতি ও উদ্ভাবনী পরিবেশ তৈরিতে নারীর ভূমিকা' শীর্ষক এক সেমিনারে তিনি এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (পৃ.১৪,ক,২), **অবজারভার** (পৃ.৯,ক.২)।

১০। বসানো হলো ১৬ তম স্প্যান : পদ্মাসেতুর প্রায় আড়াই কিলোমিটার দৃশ্যমান

দৃশ্যমান হলো পদ্মাসেতুর প্রায় আড়াই কিলোমিটার অংশ। গতকাল (১৯ নভেম্বর মঙ্গলবার) সেতুর ১৬ ও ১৭ নাম্বার পিয়ারে ১৬তম স্প্যান (ইস্পাতের কাঠামো) বসানো হয়। এ পর্যন্ত ১৬টি স্প্যান বসানোর মাধ্যমে সেতুর প্রায় আড়াই কিলোমিটার অংশ দৃশ্যমান হয়েছে। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক,৫), **যুগান্তর** (পৃ.২,ক.৮)।

১১। ৩৯তম বিশেষ বিসিএসে নিয়োগ পেলেন ৪৪৪৩ চিকিৎসক : জনপ্রশাসন মন্ত্রণালয়ের আদেশ জারি

৩৯তম বিশেষ বিসিএসে চার হাজার ৪৪৩ জনকে স্বাস্থ্য ক্যাডারে নিয়োগ দিয়ে আদেশ জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। এরমধ্যে সহকারী সার্জন পদে ৪ হাজার ২০৩ জন ও সহকারী ডেন্টাল সার্জন পদে ২৪০ জন চিকিৎসক রয়েছেন। পাবলিক সার্ভিস কমিশনের (পিএসসি) সুপারিশে চিকিৎসকদের এ নিয়োগ দেয়া হল। গতকাল (১৯ নভেম্বর মঙ্গলবার) জনপ্রশাসন মন্ত্রণালয় এ সংক্রান্ত একটি আদেশ জারি করে। সূত্র : **যুগান্তর** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৩)।

১২। জাতিসংঘ আদালতে মিয়ানমার গণহত্যার শুনানি ডিসেম্বরে

রাখাইনে রোহিঙ্গা মুসলিমদের গণহত্যার অভিযোগে মিয়ানমারের বিরুদ্ধে জাতিসংঘের আদালতে গাম্বিয়ার করা মামলাটি শুনানির জন্য উঠছে ডিসেম্বরে। দ্য ইন্টারন্যাশনাল কোর্ট অভ্ জাস্টিস (আইসিজে) গত ১৮ নভেম্বর সোমবার এক বিবৃতিতে জানিয়েছে, আগামী ১০ থেকে ১২ ডিসেম্বর এ মামলার শুনানি করা হবে। সূত্র : **যুগান্তর** (শেষ পৃ.ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

১৩। অবৈধ সম্পদের মামলায় বিএনপি নেতা মীর নাছির ও তার ছেলে হেলালের সাজা বহাল হাইকোর্টে

তত্ত্বাবধায়ক সরকারের আমলে দায়েরকৃত অবৈধ সম্পদের মামলায় বিএনপি নেতা মীর মোহাম্মদ নাছির উদ্দিনকে নিম্ন আদালতের দেওয়া ১৩ বছরের সাজা বহাল রেখেছে হাইকোর্ট। একইসঙ্গে ঐ অবৈধ সম্পদ অর্জনে সহযোগিতার দায়ে তার ছেলে ব্যারিস্টার মীর মোহাম্মদ হেলাল উদ্দিনের তিন বছরের সাজা বহাল রাখা হয়েছে। সাজার রায়ের বিরুদ্ধে তাদের আপিল খারিজ করে বিচারপতি এ কে এম আব্দুল হাকিম ও বিচারপতি ফাতেমা নজীবের সমন্বয়ে গঠিত হাইকোর্টের ডিভিশন বেঞ্চ গতকাল (১৯ নভেম্বর মঙ্গলবার) এ রায় দেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)।

১৪। আজ কবি সুফিয়া কামালের ২০তম মৃত্যুবার্ষিকী রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী প্রদান

কবি সুফিয়া কামালের ২০তম মৃত্যুবার্ষিকী আজ। ১৯৯৯ সালের এ দিনে তিনি ঢাকায় ইন্তেকাল করেন। বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক সংগঠন বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে তাঁর মৃত্যুবার্ষিকী পালন করবে। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর মৃত্যুবার্ষিকী উপলক্ষে পৃথক বাণী দিয়েছেন। সূত্র : **যুগান্তর** (পৃ.৩,ক.৮), **অবজারভার** (পৃ.৩,ক.৭)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** সাইবার অপরাধ ও টেলিকম সেবা নিয়ে যেকোনো অভিযোগ বিটিআরসির কলসেন্টারের ১০০ নম্বরে জানানো যাচ্ছে উল্লেখ করে অভিযোগকারী যাতে সঠিক সেবা পান এবং প্রতিষ্ঠানের ওপর আস্থা বাড়ে সেদিকে দৃষ্টি রাখার সুপারিশ।

খ. **সমকাল :** শেরপুরের শ্রীবরদী উপজেলায় বাংলাদেশ-ভারত সীমান্তে বিএসএফের গুলিতে দুজন বাংলাদেশি নিহত ও একজন আহত হওয়ার খবরে ক্ষোভ প্রকাশ করে সীমান্ত হত্যা বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

গ. **যায়যায়দিন :** পেঁয়াজ ও চালের মূল্যবৃদ্ধির কথা উল্লেখ করে যেসব অসাধু ব্যবসায়ী দেশের সাধারণ মানুষকে জিম্মি করে এসব পণ্যের মূল্য বৃদ্ধি করছে তাদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করার সুপারিশ।

ঘ. **সংবাদ, যুগান্তর :** সড়ক পরিবহন আইন ২০১৮ সংশোধনের দাবিতে অনির্দিষ্টকালের জন্য কর্মবিরতি শুরু করেছে বাংলাদেশ ট্রাক কাভার্ড ভ্যান ঐক্য পরিষদ উল্লেখ করে এ আইন অকার্যকর করতে কোনো ধরনের চাপের কাছে নতি স্বীকার না করার সরকারের দৃঢ় অবস্থানের সফলতা কামনা।

ঙ. **ভোরের কাগজ :** ইন্টারন্যাশনাল কোর্ট অভ্ জাস্টিসে মিয়ানমারের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নিতে মামলা করেছে ওআইসিভুক্ত দেশ গাম্বিয়া উল্লেখ করে রোহিঙ্গাদের নাগরিক পরিচয়ের স্বীকৃতি, তাদের ওপর নিপীড়ন বন্ধ করা ও নিরাপদ বসাবাসের নিশ্চয়তা দেয়ার জন্য মিয়ানমারের ওপর চাপ প্রয়োগে বিশ্ব সম্প্রদায়েরর জোরালো ভূমিকা রাখার সুপারিশ।

চ. **অবজারভার :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা দুবাইয়ে চারদিনের সরকারি সফরের সময় সে দেশের সরকার বাংলাদেশিদের জন্য তাদের শ্রমবাজার উন্মুক্ত করার ইঙ্গিত দিয়েছে উল্লেখ করে দ্রুত তা বাস্তবায়ন হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **'কর সম্পদকে বৈধতা দেয়, জীবনে স্বচ্ছতা আনে'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, সঠিক পরিমাণ আয়কর আহরণ কেবল সরকারের বাজস্ব বাড়ানোর জন্য নয়, সম্পদের সুষম বন্টন, সামাজিক সুবিচার, ব্যক্তি, পরিবার, সমাজ ও অঞ্চলগত উন্নয়ন বৈষম্য দূরীকরণের জন্যও গুরুত্বপূর্ণ।

#

ডালিয়া/সেলিনা/সাঈদা/রশীদ/২০১৯/৯.০০ঘন্টা